দৈনিক ইনকিলাব
দৈনিক খবর
তারিখ 05 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 5

04

# ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রতিবাদে নিন্দা ও বিক্ষোভ

। স্টাফ রিপোর্টার ।।

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রতিবাদে রাজনৈতিক দল ও সংগঠনসমূহের নিন্দা ও বিক্ষোভ মিছিল গতকালও অব্যাহত ছিল।

**ইসলামী দল**

ইসলামী দলের মহাসচিব মাওলানা মোহাম্মদ রুহুল আমীন গতকাল এক বিবৃতিতে গাজীপুরে প্রতিষ্ঠিত ইসলামী বিশ্ববিদ্যালয়কে স্থানান্তরের পরিবর্তে

/শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

কুষ্টিয়ায় আর একটি ইসলামী বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্যে সরকারের প্রতি আহবান জানিয়েছেন।

**৩৮ জন আলেম**

৩৮ জন আলেম ও সুধী গতকাল এক বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত বাতিল করে শান্তিডাঙ্গায় অপর একটি ইসলামী বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী জানান।

**তালাবায়ে আরাবিয়া**

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের ঘটনার প্রতিবাদে বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়া গতকাল ঢাকায় একটি বিক্ষোভ মিছিল বের করে। বিক্ষোভ শেষে আয়োজিত সমাবেশে আগামী ১৫ জানুয়ারী থেকে ২২ জানুয়ারী পর্যন্ত প্রতিবাদ সপ্তাহ এবং ২৩ জানুয়ারী ঢাকায় একটি বিক্ষোভ কর্মসূচী ঘোষণা করা হয়।

**ছাত্র হিযবুল্লাহ**

ছাত্র হিযবুল্লাহর সভাপতি জনাব মোহাম্মদ ওবায়দুর রহমান বিক্রমপুরী গতকাল এক বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্তের তীব্র নিন্দা করেছেন। বিবৃতিতে বলা হয়, কতিপয় চেনা লোকের কুপরামর্শে সরকার এ সিদ্ধান্ত নিয়েছেন। বিবৃতিতে এ সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানানো হয়।

**আলিয়া মাদ্রাসা**

ঢাকা আলিয়া মাদ্রাসার ৯২ জন ছাত্র গতকাল এক বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয়কে ঢাকার উপকণ্ঠ থেকে ১০০ মাইল দূরে স্থানান্তর করার সিদ্ধান্তে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। বিবৃতিতে অবিলম্বে এ সিদ্ধান্ত বাতিলের দাবী জানানো হয়।